তারিখ 2·9·FEB·2016
পৃষ্ঠা 6 কলাম 7

যুগান্তর



মুক্তা মনি

# সেই মুক্তা মনি ভর্তি হল সপ্তম শ্রেণীতে

## নতুন বইয়ে বাল্যবিয়ে প্রতিরোধের স্বপ্ন তার

**গৌরীপুর (ময়মনসিংহ) প্রতিনিধি**

৬ষ্ঠ শ্রেণী পড়ুয়া মুক্তা মনি নিজেই জানত না তার বিয়ে ঠিক হয়ে গেছে। প্রতিদিনের মতো স্কুল থেকে বাড়ি ফিরে দেখে সবার মুখে আনন্দ বইছে। এই আনন্দের উৎস সে নিজেই। কিছুক্ষণ পরই মেহেদির রঙে সাজতে যাচ্ছে তার নতুন জীবন। কিন্তু বড়দের এ সিদ্ধান্ত কিছুতেই মেনে নিতে পারেনি মনি। তার সব শিরা-উপশিরায় প্রতিবাদের ঝড় ওঠে। কাউকে কিছু না বলে দ্রুত বাড়ি থেকে পালিয়ে যায় মনি।

এভাবে নিজের বাল্যবিয়ে তো ঠেকাল মনি। কিন্তু এখানেই শেষ নয়। এরপর তার ওপর ওঠে পরিবার-সমাজের মুখে 'চুন-কালি মাখার কলংক'। নিজের ভাই-বোনরাও তার সঙ্গে কথা বলতে চাইত না। বেশ কিছু দিন আত্মীয়স্বজনের বাড়িতে দিন কাটায় মনি। বন্ধ হয়ে যায় লেখাপড়া। তবে সবাই তার কাছ

**ভর্তি : পৃষ্ঠা ৭ : কলাম ৪**

## ভর্তি : মুক্তা মনি

**(৩য় পৃষ্ঠার পর)**

থেকে মুখ ফিরিয়ে নিলেও আস্তে আস্তে তার মনের কথা বুঝতে পারে তার মা বেগম। অবশেষে তিনিই মনিকে আবার স্কুলে ভর্তি করাতে এগিয়ে আসেন। রোববার 'আমরা সুন্দর হবো' স্লোগানে চাঁদের হাট অগ্রদূত শাখা পরিচালিত অগ্রদূত নিকেতন আদর্শ উচ্চ বিদ্যালয়ে সপ্তম শ্রেণীতে ভর্তি হয় মনি। বিদ্যালয়ের প্রধান শিক্ষক ম. নূরুল ইসলাম বই তুলে দেন সাহসী মনির হাতে।